প্রথম আলো

তারিখ 28 MAR 2017
পৃঃ 6 কলাম

# এমন দিন আসবে, দেশে কোনো কোচিং সেন্টার থাকবে না

## সততা সংঘের সমাবেশে দুদক চেয়ারম্যান

**নিজস্ব প্রতিবেদক ●**

দেশে এমন দিন আসবে, যখন কোনো কোচিং সেন্টার থাকবে না। শিক্ষকেরা গাইড হয়ে 'গাইড বইয়ের' ভূমিকা পালন করবেন। কারণ, জাতি শিক্ষকদের কাছে শিক্ষার্থীদের আমানত হিসেবে রাখছে।

গতকাল সোমবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে সততা সংঘের সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ এ কথা বলেন। দুর্নীতি প্রতিরোধ সপ্তাহের দ্বিতীয় দিনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ঢাকা মহানগর, কেরানীগঞ্জ, সাভার ও নরসিংদীর ৫৬০ জন শিক্ষার্থীকে দুর্নীতিবিরোধী শপথ পাঠ করান দুদক চেয়ারম্যান।

দুদক চেয়ারম্যান বলেন, সুশিক্ষিত হলেই কেবল দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নেওয়া যাবে। যাদের সুশিক্ষার ঘাটতি আছে, তারাই দুর্নীতি, সন্ত্রাস ও জঙ্গিবাদে জড়িয়ে পড়ছে। তাই শিক্ষার্থীদের সুশিক্ষা ও জ্ঞান অর্জনের ওপর গুরুত্ব দেন তিনি।

সততার চর্চা করার আহ্বান জানিয়ে দুদক চেয়ারম্যান বলেন, 'আমাদের ২১ হাজার সততা সংঘ রয়েছে। এ বছর আমরা অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে সততা সংঘ গড়ে তুলতে পারিনি। তাই শিক্ষকদের প্রতি অনুরোধ, আপনারা সততা সংঘ গড়ে তুলুন। একজন শিক্ষকই পারেন শিক্ষার্থীদের মানুষ হিসেবে গড়ে তুলতে।'

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন দুদকের দুই কমিশনার নাসিরউদ্দীন আহমেদ ও এ এফ এম আমিনুল ইসলাম, সচিব আবু মো. মোস্তফা কামাল, দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য আবদুল খালেক, আজিমপুর গভর্নম্যান্ট হাইস্কুলের অধ্যক্ষ হাসিবুর রহমান, আজিমপুর গার্লস কলেজের শিক্ষার্থী মুনিহা রহমান, উদয়ন স্কুলের শিক্ষার্থী দেবাশীষ বিশ্বাস প্রমুখ।